
### গোসলের ফরযসমূহ

**গোসলের ফরয তিনটিঃ**

① মুখ ভরে কুলি করা। [শামী : ১/৪২৩, মাতলাবুন ফি আবহাসিল গুসল]

② নাকের ভিতর পানি পৌঁছানো। [শামী : ১/৪২৩, মাতলাবুন ফি আবহাসিল গুসল]

③ সমস্ত শরীরে ভালোভাবে পানি পৌঁছানো (এমনভাবে পানি পৌঁছানো যেন একটি পশম শুষ্ক না থাকে।) [শামী : ১/৪২৭, মাতলাবুন ফি আবহাসিল গুসল]

### উযূর ফরযসমূহ

**উযূর ফরয ৪ টিঃ** [সুরাহ মায়েদাহ: ৬]

① সমস্ত মুখমণ্ডল ধৌত করা (কপালের চুলের গোড়া থেকে থুতনীর নীচ পর্যন্ত ও এক কানের লতি থেকে অন্য কানের লতি পর্যন্ত সমস্ত মুখমন্ডল ধৌত করা।) [শামী : ১/২৩৫ আরকানুল অযূ]

② উভয় হাত কনুইসহ ধৌত করা। [শামী : ১/২৪৭ আরকানুল অযূ]

③ মাথার এক চতুর্থাংশ মাসাহ্ করা। [শামী : ১/২৪৭, আরকানুল অযূ]

④ উভয় পা গোড়ালীসহ ধৌত করা। [শামী : ১/২৪৭ আরকানুল অযূ]

### পাঁচ ওয়াক্ত নামায

① ফজর ② যোহর ③ আসর ④ মাগ্‌রিব ⑤ ঈশা

**রাকাআতের সংখ্যা**

● ফজরের নামায ৪/ রাকাত : ২/ রাকাত সুন্নাতে মুয়াক্কাদা,২/ রাকাত ফরয।

মাসাইল



Deeniyat

| | |
|---|---|
| যোহরের নামায ১২/ রাকাত : | ৪/ রাকাত সুন্নাতে মুয়াক্কাদা, ৪/রাকাত ফরয,২/রাকাত সুন্নাতে মুয়াক্কাদা, ২/রাকাত নফল। |
| আসরের নামায ৮/ রাকাত : | ৪/রাকাত সুন্নাতে গাইর মুয়াক্কাদা, ৪/রাকাত ফরয। |
| মাগরিবের নামায৭/রাকাত : | ৩/রাকাত ফরয,২/রাকাত সুন্নাতে মুয়াক্কাদা, ২/রাকাত নফল। |
| ইশার নামায ১৭/ রাকাত : | ৪/রাকাত সুন্নাতে গাইর মুয়াক্কাদা,৪/রাকাত ফরয,২ / রাকাত সুন্নাতে মুয়াক্কাদা, ২ / রাকাত নফল, ৩ / রাকাত বিত্‌র ওয়াজিব, ২ / রাকাত নফল। |
| জুম্মার নামায১৪/রাকাত : | জুম্মার পূর্বে ৪/রাকাত সুন্নাতে মুআক্কাদা, জুম্মার ২/রাকাত ফরয,অত:পর ৪/রাকাত সুন্নাতে মুআক্কাদা,অত:পর ২/রাকাত সুন্নাতে গায়রে মুআক্কাদা,এরপর২/রাকাত নফল। |

[আবূদাউদ :১২৭৫, আলী رضي الله عنه , বাদায়িউসসানায়ি ১/৯১,কিতাবুস সালাহ্, ফাসলুন ফি আদাদিহা ওয়া আদাদি রাকাআতিহা;বাদায়িউস সানায়ি:১/২৬৯,সালাতুল জুমআহ্ ও বায়ানু মিক্বদারিহা বাদায়িউসসানায়ি ১/২৮৪-২৮৫, কিতাবুস সালাহ্ , ফাসলুস সালাতিল মাসনুনাহ্]

**বিঃ দ্রঃ - সুন্নাতে মুআক্কাদা অবশ্যই পড়বে, এর মধ্যে মোটেও অলসতা করবে না।**

## নামাযের বাহিরের শর্তাবলী

**নামাযের বাইরে ৭ টি ফরয রয়েছে, যগুলোকে “শারাইত” বলে।**

| | | |
|---|---|---|
| ১ | শরীর পাক হওয়া। | [শামী : ৩/২৪২, বাবু শুরুতিস সালাহ্] |
| ২ | কাপড় পাক হওয়া। | [শামী : ৩/২৪২, বাবু শুরুতিস সালাহ্] |
| ৩ | জাগা পাক হওয়া। | [শামী : ৩/২৪২, বাবু শুরুতিস সালাহ্] |
| ৪ | সতর ঢাকা। | [শামী : ৩/২৪৯, বাবু শুরুতিস সালাহ্] |
| ৫ | নামাযের ওয়াক্ত হওয়া। | [বাদায়িউস সানায়ি: ১/১২১,ফাসলুন ফি শারায়িতি আরকানিস সালাহ্] |
| ৬ | ক্বিবলার দিকে মুখ করা। | [শামী : ৩/৩৩০, বাবু শুরুতিস সালাহ্] |
| ৭ | নিয়ত করা। | [শামী : ৩/২৮৫, বাবু শুরুতিস সালাহ্] |

মাসাইল

Deeniyat

# ৩-আকাইদ, মাসাইল

## [মাসাইল]

### নামাযের আরকান

**নামাযের ভিতর ৬ টি ফরয রয়েছে যেগুলোকে আরকান বলে।**

① তাকবীরে তাহরীমা অর্থাৎ আল্লাহু আকবার বলা।
[শামী:৩/৩৭৬, কিতাবুস সালাহ্, বাবু সিফাতিস সালাহ্]

② ক্বিয়াম করা অর্থাৎ সোজা হয়ে দাঁড়ানো।
[শামী:৩/৩৮১,কিতাবুস সালাহ, বাবু সিফাতিস সালাহ্]

③ কেরাত পড়া।
[শামী:৩/৩৮৯,কিতাবুস সালাহ, বাবু সিফাতিস সালাহ্]

④ রুকূ করা। [শামী : ৩/৩৯২, কিতাবুস সালাহ, বাবু সিফাতিস সালাহ্]

⑤ দুই সাজদাহ্ করা। [শামী : ৩/৩৯৩, কিতাবুস সালাহ, বাবু সিফাতিস সালাহ্]

⑥ শেষ বৈঠকে তাশাহহুদ পরিমাণ বসা।
[শামী:৩/৩৯৬,কিতাবুস সালাহ, বাবু সিফাতিস সালাহ্]

| | | | |
|---|---|---|---|
| ৬ ষষ্ঠ মাসে ২০ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |

মাসাইল

## এ বছরের সবকসমূহ সবক ২ উযুর সুন্নাতসমূহ

① উযুর নিয়াত করা। [বুখারী:১,উমর رضي الله عنه,শামী:১/২৭১,কিতাবুত্ ত্বাহারাত,সুনানুল অযু]

② بِسْمِ اللهِ পড়ে অযু শুরু করা।
[নাসাঈ:৭৮,আনাস رضي الله عنه;শামী:১/২৭৮,কিতাবুত্ তাহারাত,সুনানিল অযু]

③ উভয় হাত কব্জি পর্যন্ত তিনবার ধৌত করা।
[বুখারী: ১৫৯, উসমান বিন আফফান رضي الله عنه]

④ মিস্ওয়াক করা আর যদি মিস্ওয়াক না থাকে, তবে আঙুল দিয়ে দাঁত পরিস্কার করা। [বুখারী:৮৭,আবু হুরাইরা رضي الله عنه,সুনানে কুব্‌রা:১৭৯,আনাস رضي الله عنه, শামী:১/২৯৬,৩০২,কিতাবুত্ তাহারাত,সুনানুল অযু]

⑤ তিন বার কুলি করা।
[বুখারী: ১৫৯, উসমান বিন আফ্‌ফান رضي الله عنه,শামী : ১/৩০৬, কিতাবুত্ তাহারাত, সুনানুল অযু]

Deeniyat

⑥ তিনবার নাকে পানি দেওয়া।
[বুখারী:১৮৫,আব্দুল্লাহ্ বিন যায়েদ رضي الله عنه,শামী:১/৩০৬,৩০৮,কিতাবুত্ তাহারাত,সুনানুল অযু]

⑦ হাত ও পা ধোয়ার সময় আঙ্গুলসমূহ খিলাল করা।
[তিরমিযী:৩৯,ইবনে আব্বাস رضي الله عنه]

⑧ প্রত্যেক অঙ্গকে তিনবার ধৌত করা। [বুখারী:১৫৯,উসমান বিন আফফান رضي الله عنه]

⑨ একবার পূর্ণ মাথা মাসে্হ করা। [বুখারী: ১৫৯, উসমান বিন আফফান رضي الله عنه]

⑩ মাথা মাসেহের সাথে সাথে উভয় কান মাসেহ করা।
[তিরমিযী: ৩৬, ইবনে আব্বাস رضي الله عنه]

⑪ অঙ্গ-প্রতঙ্গসমূহকে একের পর এক ধৌত করা [এক অঙ্গের পর অন্য অঙ্গ সাথে সাথে ধৌত করা]।
[বুখারী: ১৪০, ইব্নে আব্বাস رضي الله عنه, শামী: ১/৩২৮, কিতাবুত্ তাহারাত, সুনানুল অযু]

⑫ তারতীব অনুযায়ী উযু করা।
[বুখারী: ১৪০, ইবনে আব্বাস رضي الله عنهما, শামী: ১/৩২৭, কিতাবুত্ তাহারাত, সুনানুল অযু]

⑬ উযুর পরের দু'আ পড়া। [তিরমিযী: ৫৫, উমর رضي الله عنه]

| | | | |
|---|---|---|---|
| ৭ ৮ মাসে ৪০ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |

মাসাইল

## সবক ৩ গোসলের সুন্নতসমূহ

① পবিত্র হওয়ার নিয়াত করা।
[বুখারী: ১, উমর رضي الله عنه, শামী: ১/৪৪৪, কিতাবুত্ তাহারাত, সুনানুল উযু]

② উভয় হাত কব্জি পর্যন্ত ধৌত করা। [বুখারী: ২৪৮, আয়েশা رضي الله عنها]

③ লজ্জাস্থান ধৌত করা। [বুখারী: ২৪৯, মাইমুনা رضي الله عنها]

④ শরীরের কোথাও অপবিত্রতা লেগে থাকলে তা ধৌত করা।
[বুখারী: ২৪৯, মাইমুনা رضي الله عنها]

⑤ উযু করা। [বুখারী: ২৪৮, আয়েশা رضي الله عنها]

Deeniyat

⑥ তিন বার সমস্ত শরীরে পানি প্রবাহিত করা। [বুখারী: ২৫৬, জাবির رضي الله عنه]

⑦ প্রথমে মাথায় অতঃপর ডান কাঁধে তার পর বাঁ কাঁধে পানি প্রবাহিত করা। [শামী: ১/৪৪৩, কিতাবুত্ তাহারাত , সুনানুল গুসল]

⑧ গোসলের সময় সমস্ত শরীরকে মর্দন করে ধোওয়া। [শামী: ১/৪৪৩, কিতাবুত্ তাহারাত , সুনানুল গুসল]

নোট: গোসলের সময় যদি সতর খোলা থাকে তবে ক্বিবলার দিকে মুখ করে গোসল করবে না। [শামী: ১/৪৪৩, কিতাবুত তাহারাত, সুনানুল গুসলি]

| ৯ নবম মাসে ২০ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |
|---|---|---|---|

## সবক ৪ উযু ভঙ্গের কারণসমূহ

**আট জিনিসের দ্বারা উযু ভঙ্গ হয়, তাদেরকে "উযু ভঙ্গকারী" বলে।**

① পেশাব-পায়খানার রাস্তা দিয়ে কোন কিছু বের হওয়া। [শামী: ১/৩৬৫, কিতাবুত্ তাহারাত, নাওয়াকিযে অযু]

② পিছনের রাস্তা দিয়ে বায়ু নির্গত হওয়া। [শামী:১/৩৬৫,কিতাবুত্ তাহারাত,নাওয়াকিযে অযু]

③ শরীরের কোন স্থান হতে রক্ত, পুঁজ, বা পানি বের হয়ে গড়িয়ে পড়া। [বাদাইউস্ সানাঈ: ১/২৪, কিতাবুত্ তাহারাত , নাওয়াকিযে অযু]

④ মুখ ভরে বমি করা। [শামী: ১/৩৭৬,কিতাবুত্ তাহারাত , নাওয়াকিযে অযু ]

⑤ চিৎ বা কাত হয়ে হ্যালান দিয়ে ঘুমানো। [শামী:১/৩৮৬,কিতাবুত্ তাহারাত , নাওয়াকিযে অযু]

⑥ মাতাল বা বেহুশ হওয়া। [শামী:১/৩৯৬,কিতাবুত্ তাহারাত , নাওয়াকিযে অযু]

⑦ পাগল হয়ে যাওয়া। [শামী:১/৩৯৬,কিতাবুত্ তাহারাত , নাওয়াকিযে অযু]

⑧ নামাযে অট্টহাসি দেওয়া। [শামী:১/৩৯৬,কিতাবুত্ তাহারাত , নাওয়াকিযে অযু]

| ১০ দশম মাসে ২০ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |
|---|---|---|---|



Deeniyat

# ৪- ইসলামী তারবিয়াত

[ইসলামী জ্ঞান]

## সম্মানিত শিক্ষকদের প্রতি নির্দেশনা

ইসলামী জ্ঞানের কোর্সে এ বছর আক্বীদা, নবী ও সাহাবা ইত্যাদি সংক্রান্ত অনেক কথা প্রশ্নোত্তরের আকারে দেওয়া হয়েছে। সমস্ত প্রশ্ন ও উত্তর সমবেতভাবে মুখস্থ করিয়ে দিন।

## সংজ্ঞা, উৎসাহমূলক কথা

**ইসলামী জ্ঞানঃ** দ্বীন-ইসলামের কথাসমূহ জানাকে "ইসলামী জ্ঞান" বলে।

কুরআন ঃ قُلْ هَلْ يَسْتَوِى الَّذِيْنَ يَعْلَمُوْنَ وَالَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ط [সূরায়ে যুমার:৯]

**অনুবাদ ঃ** আপনি বলে দিন যে, জ্ঞানী ও মুর্খ কি সমান হতে পারে?

**হাদীস ঃ** রাসূলুল্লাহ ﷺ বলেছেন, ফিরিশতাগণ ইলম অর্জনকারীদের উপর সন্তুষ্ট হয়ে নিজেদের ডানা বিছিয়ে দেয়।

[আবু দাউদ: ৩৬৪১, আবুদ দারদা رضي الله عنه]

ইলম হতে বড় দুনিয়ায় কোন সম্পদ নেই এবং মুর্খতা হতে অধিক দুনিয়ায় কোন ক্ষতিকর জিনিস নেই। আলিম ও মুর্খ উভয় ব্যক্তি সমান হতে পারে না, ইলমের দ্বারা মানুষের ইজ্জত-সম্মান, ভদ্রতা এবং সফলতা অর্জিত হয়, অপর পক্ষে মুর্খতার কারণে মানুষ নিকৃষ্ট ও পথভ্রষ্ট হয়ে যায়। ইলমের দ্বারায়ই নিজের সৃষ্টিকর্তা ও সঠিক মালিকের পরিচয় লাভ হয়, ইলম ব্যতিত কেউ নিজ সৃষ্টা ও মালিককে চিনতে পারে না। সেজন্য উম্মাতের প্রতিটি ব্যক্তির উপর প্রয়োজনানুযায়ী ইলম অর্জন করা ফরয করা হয়েছে।



Deeniyat

## সবক ১

প্রশ্ন ঃ ইসলামের মূল আক্বীদাসমূহ কি কি?

উত্তর ঃ তাওহীদ, রিসালাত ও আখিরাত হল ইসলামের মূল আক্বিদা।

[তাফ্সীরে কাত্তান: ১/৪৫৮]

প্রশ্ন ঃ তাওহীদের অর্থ কি?

উত্তর ঃ তাওহীদের অর্থ হল, আল্লাহ্ তাআলাকে এক বলে স্বীকার করা।

[তাফসীরে ইবনে কাসীর ঃ২/৫৮২]

প্রশ্ন ঃ রিসালাতের অর্থ কি?

উত্তর ঃ রিসালাতের অর্থ হল হযরত মুহাম্মাদ ﷺ কে আল্লাহর রাসূল বলে মেনে নেওয়া।

প্রশ্ন ঃ আখিরাত কাকে বলে?

উত্তর ঃ মৃত্যুর পর যে জীবন শুরু হয় তাকে আখিরাত বলে।

[তাফসীরে ইবনে কাসীর ঃ ১/৫৯]

প্রশ্ন ঃ বনি ইস্রাইলের সর্বশেষ নবীর নাম কি ছিল?

উত্তর ঃ বনি ইস্রাইলের সর্বশেষ নবীর নাম হযরত ঈসা عليه السلام ছিল।

[কানযুল উম্মাল: ৩২২৬৯, আবু যর رضي الله عنه]

| | | | |
|---|---|---|---|
| ১ মাসে ২০ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |

## সবক ২

প্রশ্ন ঃ কোন নবী মায়ের কোলে কথা বলেছিলেন?

উত্তর ঃ হযরত ঈসা عليه السلام মায়ের কোলে কথা বলেছিলেন।

[সূরায়ে মারয়াম: ৩০]



Deeniyat

[ইসলামী জ্ঞান]

প্রশ্ন ঃ কোন নবীর হাতে লোহা মোমের ন্যায় নরম হয়ে যেত?

উত্তর ঃ হযরত দাউদ عليه السلام এর হাতে লোহা মোমের ন্যায় নরম হয়ে যেত।

[সূরায়ে সাবা: ১০]

প্রশ্ন ঃ হযরত দাউদ عليه السلام এর পুত্র কে ছিলেন?

উত্তর ঃ হযরত দাউদ عليه السلام এর পুত্র হযরত সুলাইমান আঃ ছিলেন।

[সূরায়ে সোয়াদ: ৩০]

প্রশ্ন ঃ কোন সাহাবীকে ফিরিশতারা গোসল দিয়েছিলেন?

উত্তর ঃ হযরত হানযালা رضي الله عنه কে ফিরিশতারা গোসল দিয়েছিলেন।

[মুস্তাদ্‌রাক: ৪৯১৭, যুবাইর বিন আওয়াম رضي الله عنه]

প্রশ্ন ঃ "রাসুলের কবি" কোন সাহাবীকে বলা হয়?

উত্তর ঃ "রাসুলের কবি" হযরত হাসসান বিন সাবিত رضي الله عنه কে বলা হয়।

[মুস্তাদরাক: ৬০৫৪, মুসআব বিন আব্দুল্লাহ্ رضي الله عنه]

| | | | |
|---|---|---|---|
| ২ মাসে ২০ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |



## সবক ৩

প্রশ ঃ হুযুর ﷺ কোন সাহাবীকে "উম্মাতের আমানতদার" বলেছিলেন?

উত্তর ঃ হুযূর ﷺ হযরত আবু উবায়দা বিন জাররাহ্ رضي الله عنه কে "উম্মাতের আমানতদার" বলেছিলেন। [বুখারী: ৪৩৮০, আনাস رضي الله عنه]

প্রশ্ন ঃ হযরত আয়েশা رضي الله عنها কার কন্যা ছিলেন?

উত্তর ঃ হযরত আয়েশা رضي الله عنها হযরত আবু বকর সিদ্দিক رضي الله عنه এর কন্যা ছিলেন।

[আল্ ইছাবা: ৮/১৬]

Deeniyat

# ৪-ইসলামী তারবিয়াত

[ইসলামী জ্ঞান]

প্রশ্ন ঃ সাইফুল্লাহ্ (আল্লাহর তরবারী) কোন সাহাবীর উপাধি ছিল?

উত্তর ঃ সাইফুল্লাহ্ (আল্লাহর তরবারী) হযরত খালিদ বিন ওলিদ رضي الله عنه এর উপাধি ছিল। [তিরমিযী: ৩৮৪৬, আবু হুরাইরা رضي الله عنه]

প্রশ্ন ঃ কোন সাহাবীর নাম কুরআনে এসেছে?

উত্তর ঃ হযরত যায়েদ বিন হারেসাহ্ رضي الله عنه এর নাম কুরআনে এসেছে। [সূরায়ে আহ্যাব: ৩৭]

প্রশ্ন ঃ হযরত ইউসুফ عليه السلام কার পুত্র ছিলেন?

উত্তর ঃ হযরত ইউসুফ عليه السلام হযরত ইয়াকুব عليه السلام এর পুত্র ছিলেন। [বুখারী: ৩৩৮২, ইবনে رضي الله عنهما]

| ৩ মাসে ২০ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |
|---|---|---|---|

## সবক ৪

প্রশ্ন ঃ হযরত ইউসুফ عليه السلام এর কতজন ভাই ছিল?

উত্তর ঃ হযরত ইউসুফ عليه السلام এর এগারজন ভাই ছিল। [সূরায়ে ইউসুফ: ৪]

প্রশ্ন ঃ হযরত ইউসুফ عليه السلام এর সহোদর (আপন) ভাই এর নাম কি ছিল?

উত্তর ঃ হযরত ইউসুফ عليه السلام এর সহোদর (আপন) ভাই এর নাম বিনয়ামিন ছিল। [রুহুল মায়ানী:১২/১৮৩]

প্রশ্ন ঃ হযরত ইউসুফ عليه السلام স্বপ্নে কি দেখেছিলেন?

উত্তর ঃ হযরত ইউসুফ عليه السلام স্বপ্নে চাঁদ, সূর্য এবং এগারটি নক্ষত্রকে তার সামনে সাজদা করতে দেখেছিলেন। [সূরায়ে ইউসুফ: ৪]



Deeniyat

প্রশ্ন : হযরত ইউসুফ عليه السلام কোন দেশের বাদশাহ্ ছিলেন?

উত্তর : হযরত ইউসুফ عليه السلام মিসরের বাদশাহ ছিলেন। [সূরায়ে ইউসুফ: ৫৬]

প্রশ্ন : যে উটনির উপর আমাদের নবী ﷺ হিজরত করেছিলেন তার নাম কি ছিল?

উত্তর : যে উটনির উপর আমাদের নবী ﷺ হিজরত করেছিলেন তার নাম "ক্বাসআ" ছিল। [মু'জামে কবির : ১১০৪৫, ইব্‌নে আব্বাস (রা.)]

| | | | |
|---|---|---|---|
| ৪ মাসে ২০ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |

## সবক ৫

প্রশ্ন : "আল্লাহ্ ও রাসূলের সিংহ" কোন সাহাবীকে বলা হত?

উত্তর : "আল্লাহ্ ও রাসূলের সিংহ" হযরত হামযা رضي الله عنه কে বলা হত।

[ মুস্তাদ্‌রাক: ৪৮৮১, মুহাম্মাদ বিন উমর স্বীয় উস্তাদদের থেকে ]

প্রশ্ন : "কুরআনের মুফাসসির" কোন সাহাবীকে বলা হত?

উত্তর : " কুরআনের মুফাসসির " হযরত আব্দুল্লাহ্ বিন আব্বাস رضي الله عنهما কে বলা হত। [মুস্তাদরাক: ৬২৯১, আব্দুল্লাহ্ رضي الله عنه]

প্রশ্ন : পবিত্র মদীনার প্রসিদ্ধ কবরস্থানের নাম কি?

উত্তর : পবিত্র মদীনার প্রসিদ্ধ কবরস্থানের নাম জান্নাতুল বাকী।

[উমদাতুল ক্বারী:১৭/৪১২]

প্রশ্ন : জান্নাতুল বাকীতে সর্ব প্রথম কোন সাহাবীকে দাফন করা হয়েছিল?

উত্তর : জান্নাতুল বাকীতে সর্ব প্রথম উসমান বিন মাযউন رضي الله عنه কে দাফন করা হয়েছিল। [আল্ ইছাবাহ্ : ৪/৪৬১]

| | | | |
|---|---|---|---|
| ৫ মাসে ১০ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |



Deeniyat

# সবক ৬

প্রশ্ন ঃ ঐ দশজন সাহাবী যাদেরকে হুযূর ﷺ একই বৈঠকে জান্নাতের সুসংবাদ দিয়ে ছিলেন তাদেরকে কি বলে?

উত্তর ঃ ঐ দশজন সাহাবী যাদেরকে হুযূর ﷺ একই বৈঠকে জান্নাতের সুসংবাদ দিয়েছিলেন তাদেরকে "আশারায়ে মুবাশ্‌শারাহ্‌" বলে। [তিরমিযী: ৩৭৪৮, সাঈদ বিন যায়েদ رضي الله عنه]

প্রশ্ন ঃ ইসলামের সর্ব প্রথম মস্‌জিদ কোনটি?

উত্তর ঃ ইসলামের সর্ব প্রথম মসজিদ "মসজিদে কুবা"। [আদ্দুররুল মানসুর : ৪/২৮৬]

প্রশ্ন ঃ মেরাজের সফরে কোন নবী উম্মাতে মুহাম্মাদীকে সালাম পাঠিয়েছিলেন?

উত্তর ঃ মেরাজের সফরে হযরত ইব্রাহীম عليه السلام উম্মাতে মুহাম্মাদীকে সালাম পাঠিয়েছিলেন। [তিরমিযী: ৫৩৯, আব্দুল্লাহ্ বিন মাসউদ رضي الله عنه]

প্রশ্ন ঃ সাহাবীদের মধ্যে সবচেয়ে প্রসিদ্ধ ক্বারী কে ছিলেন?

উত্তর ঃ সাহাবীদের মধ্যে সবচেয়ে প্রসিদ্ধ ক্বারী হযরত উবাই বিন কায়াব رضي الله عنه ছিলেন। [তিরমিযী: ৩৭৯১, আনাস বিন মালিক رضي الله عنه]

| | | | |
|---|---|---|---|
| ৫ পঞ্চম মাসে ১০ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |



Deeniyat

# ৪- ইসলামী তারবিয়াত

[বক্তৃতা ও দুআ]

## সম্মানিত শিক্ষকদের প্রতি নির্দেশনা

এই বিষয়বস্তুর উদ্দেশ্য হল এই যে, প্রতিটি শিক্ষার্থী বাল্যকাল হতেই দ্বীনের কথা-বার্তা লোকদের সামনে নির্দ্বিধায় বলতে পারে, শুরুতে এ সকল বক্তৃতা ছাত্রদেরকে মুখস্থ করিয়ে দিন অতঃপর দুমাস অতিবাহিত হয়ে গেলে শিক্ষার্থীদেরকে পালাক্রমে দাঁড় করিয়ে বলার অনুশীলন করাতে থাকুন এবং কুরআনী দুআসমূহ অনুবাদসহ মুখস্থ করিয়ে দিন ।

## সংজ্ঞা,উৎসাহমূলক কথা

**বক্তৃতা ও দু'আ ঃ** দ্বীনের কথা মানুষের সামনে তুলে ধরাকে ''বক্তৃতা'' এবং আল্লাহর কাছে চাওয়াকে ''দু'আ'' বলে।

**কুরআন ঃ** خَلَقَ الْإِنْسَانَ ○ عَلَّمَهُ الْبَيَانَ ○ [সূরায়ে রহমানঃ ৩, ৪]

অনুবাদ ঃ আল্লাহ্ মানুষকে সৃষ্টি করেছেন, তাকে বক্তৃতা শিক্ষা দিয়েছেন।

**হাদীস ঃ** রাসূলুল্লাহ্ ﷺ বলেছেন, দু'আ মু'মিনের হাতিয়ার।

[মুসনাদে আবি য়ালা: ১৮১২, জাবির বিন আব্দিল্লাহ্ رضي الله عنه]

দ্বীনের কথা অন্যদের কাছে পৌঁছানো প্রতিটি মুসলমানের কর্তব্য। তার বড় একটা মাধ্যম হল বক্তৃতা ও উপদেশ, সুতরাং বক্তৃতা বলার অনুশীলন করা উচিৎ, যাতে আমরা দ্বীনকে উম্মাত পর্যন্ত পৌঁছাতে পারি। কিন্তু এ সকল কাজ আল্লাহর সাহায্য ও তার তাওফীক ছাড়া হয় না, সুতরাং প্রতিটি কাজে আল্লাহর নিকট সাহায্য প্রার্থনা করা উচিৎ এবং দুআর নিয়ম শিখে আল্লাহর কাছে খুব চাওয়া উচিৎ।



Deeniyat

## নামাযের গুরুত্ব

نَحْمَدُهٗ وَنُصَلِّيْ عَلٰى رَسُوْلِهِ الْكَرِيْمِ - - - - - - - - - أَمَّا بَعْدُ

আল্লাহ্ তা'আলা সমস্ত মানুষকে নিজের ইবাদাতের জন্য সৃষ্টি করেছেন। সব ইবাদাতের মধ্যে সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ ইবাদত হল নামায। নামাযের মাধ্যমে মানুষ আল্লাহ্র সঙ্গে কথপকথন হয়। যখন সে সেজদাহ করে তখন আল্লাহ্ তা'আলার খুব নিকটতম হয়ে যায়। আল্লাহ্ তা'আলা কুরআন শরীফের কয়েক জায়গায় নামায প্রতিষ্ঠা করার নির্দেশ দিয়েছেন। এটা এত গুরুত্বপূর্ণ ইবাদাত, যে আল্লাহ্ তা'আলা আমাদের নবী ﷺ কে নিজের কাছে ডেকে নামাযের নির্দেশ দিয়েছেন এবং মুসলমানদের উপর পাঁচ ওয়াক্ত নামায ফরয করেছেন।

আমাদের প্রিয় নবী ﷺ পুরো জীবন অতি গুরুত্ব সহকারে নামাযের প্রতি যত্নশীল ছিলেন, এমনকি নিজের শেষ মূহুর্তেও নামায পড়ার নির্দেশ দিয়েছেন। সুতরাং আমাদের উচিত যে আমরা যেন নামাযের প্রতি খুবই যত্নশীল হই।

মহান আল্লাহ আমাদের সকলকে নিয়মিত পাঁচওয়াক্ত নামায পড়ার তাওফীক দান করুন। (আ-মীন)

وَاٰخِرُ دَعْوَانَا أَنِ الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ

## দু'আ

رَبَّنَا ظَلَمْنَآ اَنْفُسَنَا ۚ وَاِنْ لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ ۝ [সূরায়ে আ'রাফ:২৩]

হে আমাদের প্রতিপালক ! আমরা নিজেদের উপর অত্যাচার করেছি, যদি তুমি আমাদেরকে ক্ষমা না কর এবং আমাদের প্রতি করুণা প্রদর্শন না কর তবে আমরা অবশ্যই ক্ষতিগ্রস্তদের অন্তর্ভূক্ত হয়ে যাব।



Deeniyat

# ৪- ইসলামী তারবিয়াত

[সীরাত]

## শিক্ষকদের প্রতি নির্দেশনা

বিগত বছরগুলোতে সীরাতের সবকসমূহ প্রশ্নোত্তরের আকারে দেওয়া হয়েছিল, এ বছর সীরাত অধ্যায়ে “আমাদের নবী ﷺ এর মক্কী জীবন” কে বিষয়বস্তুর আকারে দেওয়া হয়েছে, এ সকল বিষয়বস্তুসমূহ শিক্ষার্থীদের সামনে পড়ে সহজভাবে বুঝিয়ে দিন এবং প্রতিটি সবকের শেষে প্রদত্ত প্রশ্নাবলী শিক্ষার্থীদের নিকট জিজ্ঞাসা করুন এবং সেগুলোর উত্তরসমূহ এভাবে মুখস্থ করিয়ে দিন যে, সবকের বিষয়বস্তুসমূহ তাদের স্মৃতিপটে গেঁথে যায়।

সীরাতের বিস্তারিত জ্ঞান অর্জনের জন্য প্রয়োজনে গ্রহণযোগ্য লেখকগণের লিখিত কিতাবসমূহের সহযোগিতা নিন, কেননা এ সকল বিষয়বস্তু যা সীরাত অধ্যায়ে দেওয়া হয়েছে ঐ সকল কিতাব হতেই সংগৃহিত।

## সংজ্ঞা, উৎসাহমূলক কথা

**সীরাত ঃ** আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মাদ ﷺ এর জীবন বৃত্তান্তকে সীরাত বলে।

কুরআন ঃ لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ [সূরায়ে আহযাব: ২১]

**অনুবাদ:** নিশ্চয়ই তোমাদের জন্য রাসূলুল্লাহ ﷺ এ র মধ্যে রয়েছে উত্তম আদর্শ।

**হাদীস ঃ** রাসূলুল্লাহ ﷺ বলেছেন, তোমাদের মধ্য হতে কোন ব্যক্তি ঐ সময় পর্যন্ত পরিপূর্ণ মু'মিন হতে পারবে না, যতক্ষণ পর্যন্ত না আমি তার নিকট তার পিতা-মাতা, সন্তান এবং সমস্ত মানুষ হতে বেশি প্রিয় না হব। [বুখারী: ১৫, আনাস رضي الله عنه]

আল্লাহ্ তা'আলা নবী কারীম ﷺ কে ক্বিয়ামত পর্যন্ত আগত মানুষের হিদায়েতের জন্য প্রেরণ করেছেন। আমাদের নবী ﷺ এর সীরাত আমাদের জন্য পরিপূর্ণ দিক নির্দেশক। তার দ্বারা আমরা জানতে পারব যে, আমাদের দ্বীন কোন কোন অবস্থার সম্মুখিন হয়েছিল। আমাদের নবী ﷺ তার রক্ষণাবেক্ষণ এবং তা লোকদের নিকট পৌঁছানোর জন্য কি পরিমাণ কষ্ট সহ্য করেছেন, আর আল্লাহ্ তা'আলা কিভাবে প্রতিটি পদে তার সাহায্য করেছেন।

সীরাত

Deeniyat

# ৪- ইসলামী তারবিয়াত

[সীরাত]

## সবক ১ আমাদের নবী ﷺ এর পূর্বে

আজ হতে চৌদ্দশত বছর পূর্বের কথা, দুনিয়ার অবস্থা তখন অত্যন্ত খারাপ ছিল। চারিদিকে লুট-পাট, চুরি-ডাকাতি, মিথ্যা, ধোঁকাবাজি, মদ-জুয়া, লজ্জাহীনতা এবং অশ্লীলতার ব্যাপকতা ছিল। পুরো বিশ্ব কুফর ও শির্কের অন্ধকারে ঢাকা ছিল। আল্লাহর মর্জি ও সন্তুষ্টির দিশা দানকারী কোন রাসূল ছিলেন না। সমস্ত রাসূলগণ বিদায় নিয়েছিলেন, যার কারণে বিশ্ববাসীরা পথভ্রষ্ট হয়ে গিয়েছিল, খোদাদ্রহী হয়ে গিয়েছিল, রাসূলগণের শিক্ষাকে ভুলে গিয়েছিল। আল্লাহর হুকুম পরিত্যাগ করেছিল। তারা নিজেদের অথবা নিজেদের ন্যায় অন্য কারোর দাসত্ব করত। অথবা গোত্রীয় রীতি-নীতি ও প্রথার অনুসরণ করত। আল্লাহর কিতাবসমূহকে পরিবর্তন করে ফেলেছিল। তাতে মনগড়া কথার মিশ্রণ করেছিলো। লোকেরা পাথরের মূর্তি বানিয়ে তার পূজা করত। দেবী-দেবতার পূজা করত। তাদের নামে জীব-জন্তু কুরবানী করত, মান্নত মানত, প্রসাধ দিত, গাছ-পালা, পাহাড়-পর্বত, নদী-নালা, জীব-জন্তু ও জড় পদার্থ সব তাদের উপাস্য ছিল। মোটকথা যত মানুষ ছিল তত পথ হয়ে গিয়েছিল।

যখন দুনিয়াবাসীরা বেশী পথভ্রষ্ট হয়ে গেল, একেবারেই দিশে হারা হয়ে গেল, তখন তাদের উপর আল্লাহর দয়া আসল এবং তাদের হিদায়েতের জন্য উভয় জগতের সর্দার হযরত মুহাম্মাদ ﷺ কে পাঠালেন।

### প্রশ্নাবলী

(১) আমাদের নবী ﷺ এর পূর্বে দুনিয়ার অবস্থা কিরূপ ছিল?

(২) আল্লাহ্ তা'আলা আমাদের নবী ﷺ কে কেন পাঠিয়েছিলেন?

৬ প্রথম মাসে ৮ দিন পড়াবেন



Deeniyat



## সবক ২ আমাদের নবী ﷺ এর জন্ম

প্রিয় নবীজি ﷺ রবিউল আউয়াল মাসে ৫৭১ খৃঃ সোমবারে জন্ম গ্রহণ করেছেন। এই দিন মানব জাতির জন্য সবচেয়ে বরকতময় দিন ছিল। হুযূর ﷺ মক্কা শহরে জন্ম গ্রহণ করেন, মক্কা আরবের একটি প্রসিদ্ধ শহর। আল্লাহর পবিত্র ঘর কা'বা ঐ শহরেই অবস্থিত। আরব আমাদের এখান থেকে দুরবর্তী, একটি দেশ, তা আমাদের দেশ থেকে পশ্চিম দিকে।

### প্রশ্ন

(১) আমাদের নবী ﷺ কবে এবং কোথায় জন্ম গ্রহণ করেছিলেন?

৬ প্রথম মাসে ২ দিন পড়াবেন

## সবক ৩ আমাদের নবী ﷺ এর বংশ

আরব দেশে অনেক বংশ ছিল, কুরাইশ গোত্র তাদের মধ্যে সবচেয়ে সম্মানিত বংশের ছিল। ঐ বংশের লোকেরাই কাবার খিদমত করত, সমস্ত আরব বাসীরা কুরাইশ বংশের লোকদের শ্রদ্ধা করত। আমাদের প্রিয় নবীজি ﷺ ঐ বংশের ছিলেন।

হুযূর ﷺ এর বংশের কিছু মানুষ অনেক প্রসিদ্ধ লাভ করেছিলেন, তাদের মধ্য হতে একজন ছিলেন কুছাই। কুছাই নিজ বংশের সর্দার ছিলেন, হজ্বের মৌসূমে সমস্ত হাজীদেরকে নিজের মেহমান বানাতেন, তিনদিন পর্যন্ত তাদেরকে ফ্রি খানা খাওয়াতেন। কুছাই এর সন্তানদের মধ্যে হাশিম অনেক প্রসিদ্ধ ছিলেন। বংশের সকল মানুষের মধ্যে তার অতি সম্মানছিল, হাশিম অতি বাহাদুর ও দানশীল ছিলেন। একবার দূর্ভিক্ষ হল, হাশিম নিজ খরচে অনেক শষ্যাদী ক্রয় করে মানুষদেরকে বিনামূল্যে বিতরণ করলেন। হাশিমের কয়েকজন পুত্র ছিল, তাদের মধ্যে সবচেয়ে প্রসিদ্ধ ছিলেন আব্দুল মুত্তালিব। তিনিও নিজ বংশের সর্দার ছিলেন।



Deeniyat

# ৪-ইসলামী তারবিয়াত

[সীরাত]

আরব দেশে পানি অনেক কম ছিল। মক্কাবাসীদের জন্য যমযম কুপ আল্লাহর অনেক বড় নেয়ামত ছিল। কিন্তু বহুদিন থেকে তাতে মাটি ভরে জমিন সমান হয়ে গিয়েছিল। কেউ জানতো না যে, কুপ কোথায়। আব্দুল মুত্তালিব অনেক চেষ্টা করে তা খুঁজে বের করলেন, অতি কষ্টে তা পরিস্কার করালেন। মক্কাবাসীদের জন্য পানির সমস্যাটির সমাধান হয়ে গেল। এই উপকারের কারণে মক্কার লোকেরা তাকে অতি শ্রদ্ধা করত।

আব্দুল মুত্তালিবের কয়েকজন পুত্র সন্তান ছিল। তম্মধ্যে সবচেয়ে ছোট ও প্রিয়তম পুত্র ছিল আব্দুল্লাহ্। এই আব্দুল্লাহ্ই নবীজি ﷺ এর আব্বাজান ছিলেন। আব্দুল্লার শুভ বিবাহ বিবি আমেনার সাথে হয়েছিল। বিবি আমেনা নবীজি ﷺ এর আম্মাজান ছিলেন।

আব্দুল্লাহ্ প্রিয় নবী ﷺ এর জন্মের কিছুদিন পূর্বেই ইন্তিকাল করেছিলেন। দাদাজান আব্দুল মুত্তালিব জীবিত ছিলেন, তিনি আমাদের নবী ﷺ এর জন্মের খবর শুনে অত্যন্ত আনন্দিত হলেন, বাড়িতে এসে নাতিকে কোলে নিলেন, আদর করলেন, কাবা শরীফে নিয়ে গেলেন, সেখানে দু'আ ও প্রার্থনা করলেন, নাতির নাম মুহাম্মাদ রাখলেন, সপ্তমদিন আক্বীকা করলেন, সবাইকে দাওয়াত করলেন, মানুষেরা জিজ্ঞেস করল যে, এ নাম কেন রেখেছেন? উত্তরে বললেন, আমি চাই যে পুরো পৃথিবী আমার পুত্রের প্রশংসা (মুহাম্মাদ অর্থ প্রশংসা) করুক। আল্লাহ্ তা'আলা তার আশাকে পূরণ করলেন, দরূদ ও সালাম প্রিয় নবী ﷺ এর উপর।

## প্রশ্নাবলী

(১) হাশিম কে ছিল?

(২) যমযম কুপের সন্ধান কে বের করেছিলে?

(৩) আব্দুল মুত্তালিব আমাদের নবীজি ﷺ এর নাম মুহাম্মাদ কেন রেখেছিল?

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬ | ষষ্ঠ মাসে | ১০ | দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |

সীরাত

Deeniyat

## সবক ৪ আমাদের নবী ﷺ এর বাল্যকাল

মক্কার প্রথা ছিল যে, মানুষ বাচ্চাদেরকে লালন-পালনের জন্যে শিশু গ্রামে পাঠিয়ে দিত। সেখানেই তাদের প্রতিপালন হত। হুযূর ﷺ এর আম্মাজানও হুযূর ﷺ কে গ্রামে পাঠিয়ে দিলেন। হযরত হালীমা رضي الله عنها তার প্রতিপালন করেন। হযরত হালীমার বংশের নাম "বনি সায়াদ" ছিল, সে জন্য তাকে হালীমা সাদীয়া বলা হয়। তিনি অতি নেক বিবি ছিলেন। হুযূর ﷺ তার দুধ পান করেন, মুক্ত আবহাওয়ায় লালিত-পালিত হন, খুবই সুস্থ্য ও স্বাস্থ্যবান হন। স্পষ্ট ও শুদ্ধ ভাষা শিক্ষালাভ করেন, দুবছর পর মক্কা আগমন করেন, আম্মাজান তাকে দেখে অনেক খুশি হন, মক্কায় তখন মহামারী চলছিল, আম্মাজান হযরত হালীমার সাথে পূণঃরায় পাঠিয়ে দিলেন।

যে কেউ হুযূর ﷺ এর নিস্পাপ চেহারা দেখত, সে হুযূর ﷺ কে আদর করত, যে কেউ হুযূর ﷺ এর মিষ্টি-মধুর কথা শুনত মুগ্ধ হত। হুযূর ﷺ বিবি হালীমা رضي الله عنها এর বাচ্চাদেরকে ভালবাসতেন, তারাও হুযূর ﷺ কে ভালবাসত, নিজেদের সাথে খেলাধুলায় শরীক করত, বকরী চরাতে যেত হুযূর ﷺ কে ও নিজেদের সাথে নিয়ে যেত।

চার বছর বয়সে আম্মাজানের কাছে ফিরে আসেন। আম্মাজান হুযূর ﷺ কে দেখে খুবই খুশি হলেন, মোহাব্বাতের সাথে লালন-পালন করতে লাগলেন। ছয় বছর বয়সে হুযূর ﷺ কে নিয়ে নানার বাড়ি গেলেন, রাস্তায় অসুস্থ্য হয়ে ইন্তিকাল করেন। পিতা-মাতা উভয়ের ইন্তেকাল হুযূর ﷺ এতিম হয়ে গেলেন। উম্মে আইমান হুযূর ﷺ কে দাদা জানের কাছে নিয়ে গেলেন, দাদা জানের অনেক দুঃখ হল। কিন্তু দুঃখ করেও বা আর লাভ কি ছিল! জীবন, মৃত্যু সবই আল্লাহর হাতে, আল্লাহর সিদ্ধান্তকে কে ফিরাতে পারে।

বড় হয়ে প্রিয় নবীজি ﷺ একবার "আব্ওয়া" নামক স্থান দিয়ে অতিক্রম করছিলেন, মাতার কবর দেখে হুযূর ﷺ এর প্রাণ কেঁদে উঠল, হুযূর ﷺ এর চোখে অশ্রুদেখে সাহাবাগণও কাঁদতে লাগলেন।



Deeniyat

### প্রশ্নাবলী

(১) মক্কার প্রথা কি ছিল?
(২) আমাদের নবীজি ﷺ বিবি হালীমার বাচ্চাদের সাথে কিভাবে থাকতেন?
(৩) কত বছর পর হুযূর ﷺ নিজের মাতার নিকট ফিরে এসেছিলেন?

৭ সপ্তম মাসে ৭ দিন পড়াবেন

## সবক ৫ আমাদের নবী ﷺ এর প্রতিপালন

দাদাজান হুযূর ﷺ কে অনেক আদর স্নেহ করতেন, দাদাজান হুযূর ﷺ এর প্রতিপালন করেন, অনেক আদর দিয়ে লালনপালন করেন, ৮ বছর বয়সে দাদাজানও ইন্তেকাল করেন। মৃত্যুর সময় দাদাজান হুযূর ﷺ কে আবু তালিবের দায়িত্বে দিয়ে যান। আবু তালিব হুযূর ﷺ এর চাচাজান ছিলেন, হুযূর ﷺ এর কয়েকজন চাচা ছিলেন, তার মধ্যে আবু তালিব ভাল ছিলেন, হুযূর ﷺ কে খুবই স্নেহ করতেন, সর্বদা সাথে নিয়ে ঘুরে বেড়াতেন, আদর করতেন, কোনো ধরনের কষ্ট পেতে দিতেন না, সফরের সময়েও হুযূর ﷺ কে সাথে রাখতেন।

### প্রশ্ন

(১) আবু তালিব হুযূর ﷺ এর সাথে কিরূপ ব্যবহার করতেন?

৭ সপ্তম মাসে ৩ দিন পড়াবেন



## সবক ৬ আমাদের নবী ﷺ এর যৌবন

প্রিয় নবীজি ﷺ চাচাজানের দায়িত্বে লালিত-পালিত হন, ধীরে ধীরে যৌবনে পদার্পন করেন, যৌবনে হুযূর ﷺ সবার নিকট ভাল ছিলেন। আরবের যুবকরা পরস্পরে ঝগড়া-লড়াই করত, হুযূর ﷺ সর্বদা লড়াই

Deeniyat

হতে দূরে থাকতেন। অধিকাংশ মানুষ মদ খেত, জুয়া খেলত, খারাপ কাজ করত, হুযূর ﷺ ঐ সমস্ত জিনিসকে খারাপ মনে করতেন, গরীবদেরকে খানা খাওয়াতেন, শ্রমিকদের সাহায্য করতেন, দূর্বলদের পক্ষ দিতেন।

**প্রশ্ন**

(১) হুযূর ﷺ এর যৌবন কাল কেমন ছিল?

৭ সপ্তম মাসে ২ দিন পড়াবেন

## সবক ৭ আমাদের নবী ﷺ এর ব্যবসা

চাচাজান ব্যবসা করতেন, হুযূর ﷺ ও চাচার সাথে ব্যবসা শুরু করলেন। হুযূর ﷺ ব্যবসা খুবই ভালো বুঝতেন, তিনি সফল ব্যবসায়ী ছিলেন। সর্বদা সত্য বলতেন, মিথ্যার ধারে কাছেও যেতেন না, সবাই হুযূর ﷺ কে সত্যবাদী বলত। হুযূর ﷺ লেন-দেন পরিস্কার রাখতেন, খুবই আমানতদার ছিলেন, সকলে তাকে "আল আমীন" (বিশ্বস্ত) বলত। সবাই তার সম্মান করত, সবাই তার উপর আস্থা রাখত , প্রতিটি ঘরে তার বিশ্বস্ততা ও সততার চর্চা ছিল।

**প্রশ্নাবলী**

(১) সকলে হুযূর ﷺ কে কি বলত?

(২) প্রতিটি ঘরে হুযূর ﷺ এর কোন কথার চর্চা ছিল?

৭ সপ্তম মাসে ২ দিন পড়াবেন



## সবক ৮ শামের সফর

মক্কায় একজন ধনাঢ্য মহিলা ছিল, তার নাম ছিল খাদীজা, বিবি খাদীজা رضي الله عنها বিধবা ছিলেন, তার স্বামী মৃত্যুবরণ করেছিল, তার অনেক বড় ব্যবসা ছিল, ব্যবসার জন্য লোকদেরকে টাকা-পয়সা দিতেন, এবং তাদেরকে লাভে

Deeniyat

অংশীদার বানিয়ে নিতেন। যখন প্রিয় নবীজি صلی اللہ علیہ وسلم এর বিশস্ততা ও সত্যতার চর্চা শুনলেন, তখন বিবি খাদীজা رضی اللہ عنہا আগ্রহ প্রকাশ করলেন যে, হুযূর صلی اللہ علیہ وسلم তার ব্যবসার মাল নিয়ে সফরে যাক। হুযূর صلی اللہ علیہ وسلم প্রস্তাব কবুল করে নিলেন এবং বিবি খাদীজার গোলাম মাইসারাকে সাথে নিয়ে শাম (সিরিয়া) দেশের সফরে রওয়ানা হলেন। হুযূর صلی اللہ علیہ وسلم অনেক পরিশ্রম, মেধা ও সততার মাধ্যমে উক্ত ব্যবসায় সফলকাম হলেন।

### প্রশ্নাবলী

(১) বিবি খাদীজা رضی اللہ عنہا কে ছিলেন?

(২) বিবি খাদীজা رضی اللہ عنہا হুযূর صلی اللہ علیہ وسلم এর কাছে কি আগ্রহ প্রকাশ করেছিলেন?

৭ সপ্তম মাসে ৩ দিন পড়াবেন

## সবক ৯ আমাদের নবী صلی اللہ علیہ وسلم এর বিবাহ্

আমাদের নবী صلی اللہ علیہ وسلم অনেক লাভবান হয়ে শাম দেশের সফর হতে ফিরলেন এবং এক এক পয়সার হিসাব বুঝিয়ে দিলেন। বিবি খাদীজা رضی اللہ عنہا নেক ছিলেন, হুযূর صلی اللہ علیہ وسلم এর গুণাবলী দেখে অনেক খুশি হলেন। অতঃপর মাইসারা গোলামও স্বচক্ষে দেখা হুযূর صلی اللہ علیہ وسلم এর ঈমানদারী, নেকী, মানুষের সাথে সহমর্মিতা এবং ভালবাসার অনেক ঘটনা তুলে ধরল, বিবি খাদীজা অনেক প্রভাবিত হলেন, নিজেই বিয়ের প্রস্তাব পাঠালেন, হুযূর صلی اللہ علیہ وسلم প্রস্তাবে রাজি হয়ে গেলেন চাচাজান এবং কুরাইশের অন্য কিছু গন্যমান্য লোকদেরকে সাথে নিয়ে বিবি খাদীজার বাড়িতে পৌঁছলেন এবং তার সাথে বিবাহ্ বন্ধনে আবদ্ধ হলেন। সে সময় হুযূর صلی اللہ علیہ وسلم এর বয়স ছিল ২৫ বছর এবং বিবি খাদীজা رضی اللہ عنہا এর বয়স ছিল ৪০ বছর।

### প্রশ্নাবলী

(১) মাইসারা হুযূর صلی اللہ علیہ وسلم এর সম্পর্কে বিবি খাদীজার কাছে কি বর্ণনা করেছিল?

(২) বিয়ের সময় হুযূর صلی اللہ علیہ وسلم এর এবং বিবি খাদীজা رضی اللہ عنہا এর বয়স কত ছিল?

| | | | |
|---|---|---|---|
| ৭ সপ্তম মাসে ৩ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |



Deeniyat

## সবক ১০ হাজরে আস্‌ওয়াদের বিষয়ে নবী ﷺ এর ঐতিহাসিক সিদ্ধান্ত

একবার কাবা শরীফের সংস্কার হচ্ছিল। পুরাতন দেওয়ালসমূহ ভেঙ্গে আবার নুতন করে নির্মাণ করা হচ্ছিল। একটি দেওয়ালে হাজ্‌রে আসওয়াদ লাগানো ছিল। এটি একটি কাল পাথর ছিল। পাথরটি হযরত ইব্রাহীম (আঃ) এর চিহ্ন স্মারক ছিল সবাই সেটাকে বরকতময় মনে করত। যখন দেওয়ালে ঐ পাথরটি স্থাপন করার সময় আসল, তখন পরস্পরে ঝগড়া করতে লাগল, প্রত্যেকে চাচ্ছিল যে, এই বরকতময় পাথরটি আমি লাগাবো। এমনকি যুদ্ধের পরিস্থিতি সৃষ্টি হল। পরিশেষে এই সিদ্ধান্ত হল যে, কাল সকালে সবার আগে যে কাবায় আসবে তার সিদ্ধান্ত মেনে নেওয়া হবে। আল্লাহর করুণা এরূপ হল যে, দ্বিতীয় দিন সর্বপ্রথম প্রিয় রাসূল ﷺ ই কাবা শরীফে আসলেন। নবীজির উপর সকলের ভরসা ছিল। সকলে হুযূর ﷺ কে সিদ্ধান্তকারী মেনে নিলেন, হুযূর ﷺ অতি চমকপ্রদ সিদ্ধান্ত দিলেন যে, একটি চাদর নিয়ে তাতে হাজ্‌রে আসওয়াদকে রাখলেন এবং প্রত্যেক বংশের সর্দারকে এক এক কোনা ধরতে বললেন, সকলে মিলে উঠালেন এবং হাজ্‌রে আসওয়াদকে তার স্থান পর্যন্ত নিয়ে গেলেন, তখন হুযূর ﷺ নিজ হাতে উঠিয়ে তাকে স্বস্থানে স্থাপন করে দিলেন। এভাবে প্রত্যেক বংশের লোকদের এই কাজে অংশ গ্রহণের সুযোগ মিলে গেল।

### প্রশ্নাবলী

(১) দেওয়ালে হাজ্‌রে আসওয়াদ লাগানোর সময় কি ঘটনা ঘটেছিল?
(২) হাজ্‌রে আসওয়াদের ব্যাপারে হুযূর ﷺ কি সিদ্ধান্ত দিলেন?

৮ অষ্টম মাসে ৩ দিন পড়াবেন



## সবক ১১ হুযূর ﷺ এর নবুওয়াত প্রাপ্তি

মক্কার নিকটে একটি পাহাড় ছিল। ঐ পাহাড়ের নাম হেরা ছিল। ঐ পাহাড়ে একটি গুহা ছিল। হুযূর ﷺ হেরা গুহায় যেতেন, সাথে ছাতু পানি

Deeniyat

নিয়ে যেতেন, কয়েকদিন পর্যন্ত সেখানে একাকী থাকতেন। আল্লাহর ইবাদত করতেন। মানুষের কল্যাণের কৌশলাদী নিয়ে চিন্তা করতেন। সমাজ থেকে কুসংস্কার মিটিয়ে ভাল ও কল্যাণকর জিনিসসমূহকে ব্যাপক করার উপায় তালাশ করতেন। যখন ছাতু ও পানি শেষ হয়ে যেত, তখন আবার বাড়িতে আসতেন, ছাতু ও পানি নিয়ে ফিরে যেতেন।

চল্লিশ বছর বয়সে ১২ রবিউল আউয়াল সোমবার সুবহে সাদিকের সময় হিরা গুহায় অবস্থানকালীন আল্লাহর দূত হযরত জিব্রাইল عَلَيْهِ السَّلَام আল্লাহর বার্তা নিয়ে হাজির হলেন, যাকে অহী বলে। হযরত জিব্রাইল عَلَيْهِ السَّلَام হুযূর صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم কে সুসংবাদ দিলেন যে, আপনি আল্লাহর রাসূল, অতঃপর বললেন যে, পড়ুন। আরবে সে সময় লেখা-পড়ার চলন কম ছিল, সেজন্য হুযূর صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم ও লেখা-পড়া জানতেন না। তিনি বললেন, আমি পড়তে জানি না। হযরত জিব্রাইল عَلَيْهِ السَّلَام হুযূর صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم কে বুকের সাথে লাগিয়ে অনেক জোরে চাপ দিলেন এবং বললেন, পড়ুন। হুযূর صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم বললেন, ভাই আমি পড়তে জানি না। হযরত জিব্রাইল عَلَيْهِ السَّلَام তিনবার চাপ দিলেন এবং ছেড়ে দিলেন এবং প্রতিবার একথা বলতেন যে, পড়ুন। হুযূর صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم প্রতিবার বলতেন যে, আমি পড়তে জানি না।

অবশেষে হযরত জিব্রাইল عَلَيْهِ السَّلَام বললেন যে, পড়ুন: اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ ۚ

এই অহী অবতীর্ণ হতেই হুযূর صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم এর উপর রিসালাতের দায়িত্ব এসে গেল এবং তিনি ভয়ে ও আতঙ্কে কেঁপে উঠলেন। আর একথা বাস্তব যে, যুগ যুগান্তরের পথভ্রষ্ট লোকদেরকে হেদায়েতের দিশা দেখানো এবং শত-শত মূর্তি পূজকদেরকে আল্লাহর খালেছ বান্দা বানানো কোনো সহজ কাজ ছিল না। হুযূর صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم আতঙ্ককিত অবস্থায় বাড়িতে পৌঁছলেন এবং নিজের সত্যিকার মঙ্গলকামী স্ত্রীকে সব ঘটনা খুলে বললেন। বিবি খাদীজা رَضِيَ اللهُ عَنْهَا শান্তনা দিয়ে বললেন যে, আপনি আতঙ্কতি কেন হচ্ছেন? আল্লাহ্ তা'আলা আপনাকে নষ্ট হতে দিবেন না। আপনি নেক কাজ করেন, সদকা করেন, গরীবদের সাহায্য করেন, ইয়াতীম ও বিধবাদের সহযোগীতা করেন, মেহমানদের আপ্যায়ন করেন, মানুষের বোঝা হাল্কা করেন, গরীব-দুঃখীদের আশ্রয় দান করেন, আপনি কেন ভয় পান?



Deeniyat

**প্রশ্নাবলী**

(১) হুযূর صلى الله عليه وسلم হেরা গুহায় কি করতেন?
(২) বিবি খাদিজা رضي الله عنها কি বলে হুযূর صلى الله عليه وسلم কে মনোবল দিলেন?

৮ সপ্তম মাসে ৭ দিন পড়াবেন

## সবক ১২ আল্লাহর পয়গাম/বাণী

রমজানের ১৭ তারিখ ছিল যখন। আল্লাহর পয়গাম এসেছিল। হযরত জিব্রাইল عليه السلام আল্লাহর বাণী নিয়ে এলেন। হুযুর صلى الله عليه وسلم তা মানুষের নিকট পৌঁছানো আরম্ভ করলেন। হুযুর صلى الله عليه وسلم মানুষদেরকে বলতেন, "আল্লাহ্ এক। তিনিই সকলের সৃষ্টিকর্তা। রিজিকদাতা ও হুকুমদাতা। তারই নির্দেশ মান্য কর। তারই ইবাদত কর। আমি আল্লাহর রাসূল। আমার অনুসরণ কর। খারাপ কাজ হতে বেঁচে থাক। ভাল কাজ কর। আল্লাহ্ তোমাদের প্রতি সন্তুষ্ট হবেন, থাকার জন্য জান্নাত প্রদান করবেন। অসৎ লোকদের উপর আল্লাহ্ অসন্তুষ্ট হন। তাদেরকে অনেক কঠিন শাস্তি প্রদান করবেন।

**প্রশ্নাবলী**

(১) আল্লাহর পয়গাম রমজানের কত তারিখে এসেছিল?
(২) হুযুর صلى الله عليه وسلم মানুষদেরকে কি বলতেন?

৮ অষ্টম মাসে ২ দিন পড়াবেন



## সবক ১৩ প্রথম ঈমান কবুলকারী

সৎ লোকেরা তার কথা মান্য করলেন। হযরত আবু বকর সিদ্দিক رضي الله عنه হুযূর صلى الله عليه وسلم এর অন্তরঙ্গ বন্ধু ছিলেন। পুরুষদের মধ্যে সর্ব প্রথম তিনি ঈমান আনয়ন করেন। হযরত খাদীজা رضي الله عنها হুযূর صلى الله عليه وسلم এর নেক স্ত্রী ছিলেন। মহিলাদের মধ্যে সর্ব প্রথম তিনি ঈমান আনয়ন করেন। হযরত আলী رضي الله عنه হুযূর صلى الله عليه وسلم এর চাচাত ভাই ছিলেন। বালকদের মধ্যে সর্ব প্রথম তিনি

Deeniyat

ঈমান আনয়ন করেন। হযরত যায়েদ رضي الله عنه হুযূর ﷺ এর গোলাম ছিলেন। গোলামদের মধ্যে সর্ব প্রথম তিনি ঈমান আনয়ন করেন। এই চারজন অনেক সৎ ছিলেন। হুযূর ﷺ এর সাথে থাকতেন, হুযূর ﷺ এর সমস্ত গুণাবলী সম্পর্কে অবগত ছিলেন। তার দাওয়াত সত্য বলে মেনে নিয়েছিলেন, সাথে সাথে ঈমান নিয়ে এলেন, তাই আল্লাহ্ তা'আলা তাদের প্রতি সন্তুষ্ট হয়ে যান।

**প্রশ্ন**

(১) কে কে সর্বপ্রথম ঈমান আনয়ন করেন?

৮ অষ্টম মাসে ৩ দিন পড়াবেন

## সবক ১৪ পাহাড় হতে উপদেশ

কিছুদিন পর আল্লাহর নির্দেশ আসল যে, "হে পয়গম্বর! তুমি নিজের নিকটতম আত্মীয় স্বজনদেরকে আল্লাহর আযাবের ভয় দেখাও।" হুযূর ﷺ এরকমই করলেন। মক্কার নিকটবর্তী একটি পাহাড় আছে, তার নাম হল "সাফা"। হুযূর ﷺ উক্ত পাহাড়ের উপর আরোহন করলেন এবং মক্কাবাসীদেরকে আহবান করলেন, যখন সকলে একত্রিত হয়ে গেল, তখন হুযূর ﷺ বললেন,

"আমি পাহাড়ের উপর রয়েছি, আর তোমরা রয়েছ নীচে। আমি পাহাড়ের সামনেও দেখতে পাচ্ছি পিছনেও, (কিন্তু তোমাদের দৃষ্টি শুধু এক দিকে)। যদি আমি বলি যে, এবং এই পাহাড়ের পিছনে ডাকাতদের একটি সেনাদল আছে, যারা তোমাদের উপর আক্রমন করতে প্রস্তুত, তবে কি তোমরা তা বিশ্বাস করবে?"

সকলে একবাক্যে বলল যে, নিশ্চয়ই আপনি উপরে রয়েছেন। সবদিকে দেখছেন। আপনি সত্যবাদী। আমানতদার। আপনি কখনো মিথ্যা বলেন না। আমরা আপনার কথার উপর অবশ্যই বিশ্বাস করব।

অতঃপর হুযূর ﷺ বললেন, "লোক সকল! এটা বুঝানোর জন্য একটি উপমা ছিল মাত্র। বিশ্বাস কর, মৃত্যু তোমাদের মাথার উপর দাঁড়িয়ে আছে। তোমাদেরকে একদিন মরতেই হবে, মৃত্যুর পর আল্লাহর



Deeniyat

কাছে যেতেই হবে, নিজেদের কৃতকর্মের ফল ভোগ করতেই হবে। যদি তোমরা ঈমান এনে নেক ও সৎ না হয়ে যাও, তবে তোমাদের উপর কঠিন শাস্তি অবতীর্ণ হবে। তোমরা শুধু দুনিয়াকে দেখতে পাচ্ছ আর আমি আখিরাতকেও দেখতে পাচ্ছি।”

মক্কাবাসীরা হুযূর ﷺ এর উপদেশ শুনল, তা কতইনা সত্য কথা ছিল। প্রিয় নবীজি ﷺ কত সুন্দর করে বুঝিয়েছিলেন, সকলে হুযূর ﷺ কে সত্য বলে জানত; কিন্তু এই সত্য কথাগুলোর উপর ঈমান আনল না। হুযূর ﷺ কে ভাল-মন্দ বলতে লাগল। ভাল-মন্দ বলার মধ্যে হুযূর ﷺ এর চাচা আবু লাহাব সবচেয়ে সর্বাগে ছিল, সে বলল, তুমি আমাদেরকে এজন্য ডেকেছিলে?

### প্রশ্নাবলী

(১) হুযূর ﷺ লোকদেরকে পাহাড়ের উপর একত্রিত করে কি বলেছিলেন?
(২) মক্কাবাসীরা হুযূর ﷺ এর উপদেশ শুনে কি বলল?

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ অষ্টম মাসে | ৫ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |

## সবক ১৫ আল্লাহর দ্বীন প্রসার হতে লাগল

সীরাত

আল্লাহর দ্বীন আস্তে আস্তে প্রচার-প্রসার হতে লাগল। কাফিররা পেরেশান ছিল যে, হকের দাওয়াত কিভাবে বন্ধ করা যায়। মুহাম্মাদ ﷺ একাকী। অল্পকিছু সাথী রয়েছে তার বন্ধু-বান্ধব ও সাহায্যকারীও নেই। তার পরও মানুষ তার দিকে আকর্ষিত হচ্ছে। বাপ-দাদার ধর্ম মিটে যাচ্ছে। সকলে মিলে আবু তালিবের কাছে গিয়ে বলল, আবু তালিব! সমস্ত বংশের সম্মান মাটিতে মিশে যাচ্ছে। ভাতীজাকে বাঁধা দিন। আমাদের ও আপনার প্রভূদের মিথ্যারোপ করছে। সে বলছে যে, উপাসনার যোগ্য তো শুধুমাত্র এক আল্লাহ্, আমরা সবাই অজ্ঞ যে, লাত-মানাতের পূজা করছি।

Deeniyat

এখন অনেক হয়েছে, আর সহ্য করা যাচ্ছে না। আবু তালিব কোনো রকমে তাদের থেকে পিছু ছুটালেন। প্রিয় নবীজি ﷺ নিজের কাজ করতে থাকলেন, দ্বীন প্রচার-প্রসার লাভ করতে থাকল।

কাফিররা আবার আবু তালিবের কাছে গেল, তাকে ভয় দেখাল, জীবন নাশের হুমকি দিল। আবু তালিব চিন্তায় পড়ে গেলেন, ভাতীজাকে ডেকে বললেন, হে আমার প্রিয় বৎস! আমার উপর এত চাপ সৃষ্টি কর না........প্রিয় নবীজি ﷺ মোটেও ভয় পেলেন না। বললেন, চাচাজান! এ কাজ তো আল্লাহর, তিনিই আমার সাহায্য করবেন, যদি এ সমস্ত লোকেরা আমার এক হাতে সূর্য ও অপর হাতে চন্দ্রও এনে দেয়, তবুও আমি এই কাজ হতে বিরত থাকব না। একথা বলে অশ্রূপাত করতে লাগলেন। আবু তালিবও প্রভাবিত হয়ে বললেন যে, যাও বৎস, নির্ভয়ে নিজ কাজ করতে থাক, আমি তোমাকে জালিমদের হাতে সোপর্দ করব না।

### প্রশ্নাবলী

(১) আবু তালিব হুযূর ﷺ কে কি বললেন?
(২) হুযূর ﷺ আবু তালিবকে কি উত্তর দিলেন?

৯ নবম মাসে ৪ দিন পড়াবেন

## সবক ১৬ হাবশা (ইথুপিয়া) হিজরত

কাফিররা একাধারে মুসলমানদেরকে কষ্ট দিতে লাগল। বিভিন্ন প্রকারের নির্যাতন করতে শুরু করল। নবীজিকে কষ্ট দিল। নবীজির প্রিয় সাথীদেরকে কষ্ট দিল। যখন নির্যাতনের মাত্রা বেড়ে গেলো। যেমন- কুরআন পড়া। আল্লাহর ইবাদত করা। দ্বীনের উপর চলা। অন্যদেরকে দ্বীনের কথা বলা। সবকিছু অসম্ভব হয়ে পড়ল, তখন হুযূর ﷺ মুসলমানদেরকে বললেন, "প্রিয় সাথী ও বন্ধুরা! তোমরা দ্বীনের জন্য অনেক কষ্ট সহ্য করেছ, এখন যে চায় হাব্‌শায় যেতে পার। হাবশার বাদশাহ্ নাজ্জাশী। সে নেক প্রকৃতির মানুষ। সেখানে কোন বাঁধা-বিপত্তি নেই।



Deeniyat

স্বাধীনভাবে দ্বীনের উপর আমল করতে পারবে। দ্বীন প্রচারেরও সুযোগ পাবে।”

সুতরাং অনেক মুসলমান বাড়ি-ঘর ছেড়ে হাবশায় চলে গেলেন। কাফিরদের অত্যাচারে অতিষ্ট হয়ে প্রিয় মাতৃভূমি পরিত্যাগ করলেন। দ্বীন রক্ষার জন্য অন্য দেশে চলে গেলেন, এটাকেই হিজরাত বলে।
কিন্তু কাফিররা ঈমানদারদেরকে এখানেও শান্তিতে থাকতে দিল না। তাদের পিছনে পিছনে হাবশায় পৌঁছে গেল। নাজ্জাশীর কাছে নালিশ করল। মুসলমানদেরকে দরবারে ডাকা হল। হযরত আলী رضي الله عنه এর ভাই হযরত জাফর رضي الله عنه ছিলেন, তিনি মুসলমানদের সর্দার ছিলেন। তিনি নাজ্জাশীর দরবারে একটি ভাষণ দিলেন, ভাষণটি ইসলাম সম্পর্কে খুবই চমৎকার ছিল।

**প্রশ্নাবলী**

(১) মুসলমানরা হাবশায় হিজরাত কেন করেছিলেন?

(২) হুযূর صلى الله عليه وسلم মুসলমানদেরকে কি বলেছিলেন?

৯ নবম মাসে ৫ দিন পড়াবেন

## সবক ১৭ হযরত জাফর رضي الله عنه এর ভাষণ

হযরত জাফর رضي الله عنه বললেন: হে বাদশাহ্! আমরা মুর্খ ছিলাম। অজ্ঞ ছিলাম। মূর্তি পূজা করতাম। মৃত জানোয়ার খেতাম। অসৎকাজ করতাম। পরস্পরে লড়াই করতাম। ধনীরা গরীবদের উপর অত্যাচার করত। আমরা না মেহমানদের সমাদর করতাম আর না প্রতিবেশীর সাথে ভালো ব্যবহার করতাম। ভাই ভাইয়ের সাথে লড়াই করত। শক্তিশালী দূর্বলদের কষ্ট দিত। আমাদের উপর আল্লাহর দয়া হল। আমাদের মধ্যে হতে একজন রাসূল প্রেরণ করলেন। আমরা সবাই তাকে জানতাম। তিনি অতি নেক ছিলেন। তিনি সত্যের পথ দেখিয়েছেন। পরস্পরে ভালবাসা শিখিয়েছেন। তিনি আমাদেরকে বুঝিয়েছেন যে, আমরা যেন মূর্তি পূজা পরিহার করি, এক আল্লাহর উপাসনা করি। সত্য বলি। অঙ্গিকার পূর্ণ করি। অসৎ কাজ হতে বেঁচে থাকি। গুনাহ হতে দূরে থাকি। ইয়াতীমের মাল ভক্ষণ না করি।



Deeniyat

অত্যাচার হতে ফিরে আসি। পরস্পরে মিলে-মিশে থাকি। আমরা তাকে নবী হিসেবে মেনে নিয়েছি। আল্লাহর রাসূল হিসেবে মেনে নিয়েছি। তার কথাসমূহের উপর আমল করেছি। আমাদের সম্প্রদায়ের লোকেরা আমাদের শত্রু হয়ে গেছে। আমাদেরকে কষ্ট দেওয়া শুরু করেছে। সেজন্য আমরা আমাদের দেশ ত্যাগ করে আপনার দেশে আশ্রয় নিয়েছি।

নাজ্জাশী হযরত জাফর رضي الله عنه এর ভাষণ শুনলেন। ভাষণ খুবই ভাল ছিল। অতি মনোযোগ সহকারে শুনলেন। তার কথায় প্রভাবিত হলেন। তার থেকে কুরআন শরীফ শুনলেন। কুরআন শরীফ শুনে কাঁদতে লাগলেন। কাফিরদেরকে বের করে দিলেন। মুসলমানদের সাথে ভাল ব্যবহার করলেন। কিছু দিন পর নিজেও মুসলমান হয়ে গেলেন। আল্লাহর রহমত হোক তার উপর।

প্রিয় নবীজি صلى الله عليه وسلم হিজরত করেননি। হুযূর صلى الله عليه وسلم হাবশায় যাননি। মক্কায় দৃঢ় থাকলেন। দুঃখ-কষ্ট সহ্য করতে থাকলেন। মানুষদেরকে আল্লাহর দিকে ডাকতে থাকলেন। হুযূর صلى الله عليه وسلم মক্কার বিভিন্ন, বাজারে যেতেন, হজ্বের সময় বিভিন্ন স্থান হতে আগত লোকদেরকে দ্বীনের কথা বলতেন। এভাবে ক্রমান্বয়ে মক্কার বাইরে দ্বীন প্রসার লাভ করতে লাগল।

**প্রশ্নাবলী**

(১) হযরত জাফর رضي الله عنه ভাষণে কি বললেন?
(২) হযরত জাফর رضي الله عنه এর ভাষণের কি প্রতিক্রিয়া নাজ্জাশীর উপর হয়েছিল?

৯ নবম মাসে ৭ দিন পড়াবেন



## সবক ১৮ মুসলমানদের বয়কট

মক্কা মুকাররামায় ধীরে ধীরে ইসলাম প্রচার হতে লাগল। প্রতিদিন কেউ না কেউ ইসলাম গ্রহণ করতেন। কাফিরদের চিন্তা বেড়ে গেল। তারা আমাদের নবী صلى الله عليه وسلم ও মুসলমানদেরকে বয়কট করল। আবু তালিব

Deeniyat

ঘাঁটিতে তাদেরকে বন্দী করে ফেলল। যার ফলে মুসলমানরা প্রচন্ড কষ্টের সম্মুখীন হলেন। ঐ উপত্যকায় খাওয়া দাওয়ার জন্যেও কিছু ছিল না। মুসলমান বৃদ্ধ, শিশু, মহিলা সকলেই ক্ষুধা তৃষ্ণার যন্ত্রণা সহ্য করতেন। মুসলমানরা তিন বছর পর্যন্ত ঐ অবস্থায় ঐ উপত্যকাতেই বন্দী থাকলেন।

### প্রশ্নাবলী

(১) মুসলমানরা আবু তালিব ঘাঁটিতে কি ধরণের কষ্টের সম্মুখিন হয়েছেন?

(২) মুসলমানরা ঐ উপত্যকায় কত বছর বন্দী ছিলেন?

৯ নবম মাসে ২ দিন পড়াবেন

## সবক ১৯ দুঃখের বছর

উপত্যকার বন্দী জীবন থেকে নিষ্কৃতি পাওয়ার কিছুদিন পরেই নবুওতের দশম বর্ষে প্রিয় নবী ﷺ এর দয়ালু চাচা আবুতালিবের ইন্তিকাল হয়ে গেল, চাচার মৃত্যুর দুঃখ না ভুলতেই তাঁর অনুগতা ও প্রিয়তমা স্ত্রী হযরত খাদীজা رضي الله عنها এর ইন্তেকাল হয়ে গেল। এই দুইজনের ইন্তেকালে আমাদের নবী ﷺ ভীষণ দুঃখ পেলেন। আমাদের নবী ﷺ ঐ বছরকে দুঃখের বছর বলে ঘোষণা করলেন। এখন কুরাইশরা প্রকাশ্যভাবে কষ্ট দেওয়ার সুযোগ পেয়ে গেল। ইতিপূর্বে আবুতালিবের মর্যাদাকে লক্ষ্য করে এবং হযরত খাদীজা رضي الله عنها এর খাতিরে কিছুটা চুপচাপ ছিল। কিন্তু এবার বাঁধা দেওয়ার কউ নেই। এজন্য মক্কার মুশরিকরা আমাদের নবী ﷺ কে খুব অত্যাচার করা ও কষ্ট দেওয়া শুরু করল।

### প্রশ্নাবলী

(১) আমাদের নবী ﷺ নবুওতের দশম বছরকে দুঃখের বছর বলে কেন ঘোষণা করেছিলেন?

(২) আবুতালিব এবং হযরত খাদীজা رضي الله عنها এর ইন্তেকালের পর কি ঘটেছিল?

| ৯ নবম মাসে ২ দিন পড়াবেন | তারিখ | শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |
|---|---|---|---|

সীরাত

Deeniyat

## সবক ২০ তায়েফের সফর

